# চুনারুঘাট পৌরসভা কার্যালয়
## Chunarughat Municipality

চুনারুঘাট, হবিগঞ্জ, বাংলাদেশ। | Chunarughat, Habiganj, Bangladesh
ইমেইল : chunarughatmayor@gmail.com | Email : chunarughatmayor@gmail.com
www.chunarughatpourashava.com | www.chunarughatpourashava.com

### ১. সংস্থাপন ও অর্থ বিষয়ক স্থায়ী কমিটি

| ক্রমিক নং | নাম ও পদবী | দায়িত্বপ্রাপ্ত ওয়ার্ড | কমিটির পদবী |
|---|---|---|---|
| ১ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা চুনারুঘাট, হবিগঞ্জ | সদস্য ৬ ও ৯ নং ওয়ার্ড চুনারুঘাট পৌরসভা | সভাপতি |
| ২ | উপজেলা নির্বাহী অফিসার চুনারুঘাট, হবিগঞ্জ | প্রশাসক, চুনারুঘাট পৌরসভা | সদস্য |
| ৩ | ভারপ্রাপ্ত কর্মকর্তা চুনারুঘাট থানা, চুনারুঘাট, হবিগঞ্জ | সদস্য ৫ নং ওয়ার্ড চুনারুঘাট পৌরসভা | সদস্য |
| ৪ | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা চুনারুঘাট, হবিগঞ্জ | সদস্য ৮ নং ওয়াড চুনারুঘাট পৌরসভা | সদস্য |
| ৫ | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা চুনারুঘাট, হবিগঞ্জ | সদস্য ৪ নং ওয়াড চুনারুঘাট পৌরসভা | সদস্য |
| ৬ | পৌর নির্বাহী কর্মকর্তা চুনারুঘাট পৌরসভা | চুনারুঘাট পৌরসভা | কো অপ্ট সদস্য (কমিটির সাচিবিক দায়িত্বে) |

কমিটির কার্যপরিধিঃ

২.১। পৌরসভার পরিচালন ব্যবস্থার দক্ষতা বৃদ্ধি তথা পৌরসভার কাজকর্ম ও সেবার মান বাড়ানোর ব্যাপারে গতিশীলতা আনয়নের জন্য সকল শূন্য পদসমূহে কর্মকর্তা/কর্মচারী নিয়োগ করার পদক্ষেপ গ্রহণ করা;

২.২। যে সকল পদে ইতিমধ্যে পদোন্নতির সুযোগ সৃষ্টি সেই সকল পদে যোগ্য ব্যক্তিদের পদোন্নতি প্রদানের ব্যবস্থা গ্রহণ করা;

২.৩। বাৎসরিক ভিত্তিতে কর্মকর্তা/কর্মচারীদের কর্মোদ্যোগ, দক্ষতা ও যোগ্যতা মূল্যায়ন করা;

২.৪। কর্মকর্তা/কর্মচারীদের কর্ম বন্টন অনুযায়ী যথাযথভাবে দায়িত্ব পালনে উদ্বুদ্ধ করা;

২.৫। কর্মকর্তা/কর্মচারীসহ অন্যান্য সকলের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করা;

২.৬। আয়ের সঙ্গে ব্যয়ের সঙ্গতি বজায় রেখে পৌরসভার বার্ষিক বাজেট প্রণয়নে সাহায্য করা;

২.৭। রাজস্ব আয় বৃদ্ধির পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের কৌশল নির্ধারণ করা;

২.৮। পৌরসভার রাজস্ব আয় বৃদ্ধির লক্ষ্যে পৌর তহবিলের কিছু অংশ বিভিন্ন আয় বৃদ্ধিমূলক কর্মকাণ্ডে বিনিয়োগের পরিকল্পনা প্রস্তাব করা;

২.৯। সুশাসন প্রতিষ্ঠাকল্পে পৌরসভার সকল কার্যক্রমে তথ্য প্রযুক্তি (ই-গভর্নেন্স) চালু করণের পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের দিক নির্দেশনা প্রদান করা;

২.১০। সরকারি ও অন্যান্য প্রতিষ্ঠানের নিকট পৌরসভার সকল দায়-দেনা নির্ধারণ করিয়া তাহা আদায়ে পৌর পরিষদকে সহায়তা করা;

২.১১। পৌর তহবিল ব্যয়ের স্বচ্ছতা ও জবাবদিহিতার জন্য সকল ব্যয় সময়মত নিরীক্ষার ব্যবস্থা করা;

২.১২। নূতন, পুরাতন সকল নিরীক্ষা আপত্তি নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করা;

২.১৩। পৌর পরিষদের সংস্থাপন ও অর্থ সংক্রান্ত কাজে পরামর্শ প্রদান করা।

মোহাম্মদ রবিন মিয়া
প্রশাসক
চুনারুঘাট পৌরসভা

# চুনারুঘাট পৌরসভা কার্যালয়
# Chunarughat Municipality

চুনারুঘাট, হবিগঞ্জ, বাংলাদেশ।
ইমেইল : chunarughatmayor@gmail.com
www.chunarughatpourashava.com

Chunarughat, Habiganj, Bangladesh
Email : chunarughatmayor@gmail.com
www.chunarughatpourashava.com


## ২.কর নিরুপন ও আদায় বিষয়ক স্থায়ী কমিটি

| ক্রমিক নং | নাম ও পদবী | দায়িত্বপ্রাপ্ত ওয়ার্ড | কমিটির পদবী |
|---|---|---|---|
| ১ | ভারপ্রাপ্ত কর্মকতা<br>চুনারুঘাট থানা, চুনারুঘাট, হবিগঞ্জ | সদস্য ৫ নং ওয়ার্ড চুনারুঘাট পৌরসভা | সভাপতি |
| ২ | উপজেলা নিবাহী অফিসার<br>চুনারুঘাট, হবিগঞ্জ | প্রশাসক ,<br>চুনারুঘাট পৌরসভা | সদস্য |
| ৩ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা<br>চুনারুঘাট, হবিগঞ্জ | সদস্য ৬ ও ৯ নং ওয়ার্ড<br>চুনারুঘাট পৌরসভা | সদস্য |
| ৪ | উপজেলা প্রকৌশলী<br>এলজিইডি, চুনারুঘাট | সদস্য ৩ ও ৭নং ওয়ার্ড চুনারুঘাট পৌরসভা | সদস্য |
| ৫ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা<br>চুনারুঘাট, হবিগঞ্জ | সদস্য ১ ও ২ নং ওয়ার্ড চুনারুঘাট পৌরসভা | সদস্য |
| ৬ | জনাব মোঃ ছিদ্দিক আলী<br>কর আদায়কারী, চুনারুঘাট পৌরসভা | চুনারুঘাট পৌরসভা | কো অপ্ট সদস্য<br>(কমিটির সাচিবিক দায়িত্বে) |

২। কমিটির কার্যপরিধিঃ

২.১। কর, উপ-কর, রেইট, টোল, ফিস ও অন্যান্য কর আরোপ এবং আদায়ের ক্ষেত্রে বিভিন্ন কৌশল অবলম্বনের সুপারিশ করা;

২.২। সরকারি নীতিমালার সাথে সঙ্গতিবিধান করিয়া কর আরোপ বিধিমালা প্রয়োগ করার জন্য সংশ্লিষ্টদের পরামর্শ প্রদান করা;

২.৩। কর অব্যাহতি, কর রহিতকরণ ও কর চূড়ান্তকরণ বিষয়ে মতামত প্রদান করা;

২.৪। কর আদায় ও কর নির্ধারণ কাজে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীদের উৎসাহ প্রদান করা;

২.৫। সময়মত কর পরিশোধে জনসাধারণকে উদ্বুদ্ধ করা;

২.৬। অন্তর্বর্তী কর নির্ধারণ কার্যক্রম অব্যাহত রাখার কাজে সংশ্লিষ্ট ব্যক্তিদের সহায়তা করা ও দিক নির্দেশনা প্রদান করা;

২.৭। কর সংক্রান্ত ডাটাবেইজ তৈরী ও হালনাগাদ করার কাজে সংশ্লিষ্ট ব্যক্তিদের প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করা;

২.৮। কর আদায় কার্যক্রম মনিটরিং করা এবং আদায় লক্ষ্যমাত্রা নির্ধারণ ও আদায় পরিস্থিতি পর্যালোচনা করা;

২.৯। কর সংক্রান্ত আপত্তি শুনানি গ্রহণপূর্বক দ্রুত সিদ্ধান্ত গ্রহণ করা;

২.১০। কর প্রদান ও সেবা গ্রহণ বিষয়ে পৌরসভা ও জনগণের মাঝে সেতুবন্ধন হিসাবে কাজ করা;

২.১১। রাজস্ব আদায় বৃদ্ধির লক্ষ্যে করের নতুন নতুন উৎস খোঁজকরণ;

২.১২। কর নিরূপণ ও আদায় কাজে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার ব্যবস্থা গ্রহণ করা;

২.১৩। পৌরসভার নিজস্ব তহবিল দ্বারা কর আদায়ের বিষয়ে কম্পিউটার সফট্ওয়ার চালু করা এবং অব্যাহত রাখা;

২.১৪। কমিটি বিশেষজ্ঞ সদস্য হিসাবে সংশ্লিষ্ট উপজেলার সহকারী কমিশনার (ভূমি) কে কো-অপট করিতে পারিবে;

২.১৫। অন্যান্য সংশ্লিষ্ট বিষয়াদি।

মোহাম্মদ রবিন মিয়া
প্রশাসক
চুনারুঘাট পৌরসভা

CamScanner

# চুনারুঘাট পৌরসভা কার্যালয়
## Chunarughat Municipality

চুনারুঘাট, হবিগঞ্জ, বাংলাদেশ।
ইমেইল : chunarughatmayor@gmail.com
www.chunarughatpourashava.com

Chunarughat, Habiganj, Bangladesh
Email : chunarughatmayor@gmail.com
www.chunarughatpourashava.com


### ৩.হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি

| ক্রমিক নং | নাম ও পদবী | দায়িত্বপ্রাপ্ত ওয়ার্ড | কমিটির পদবী |
|---|---|---|---|
| ১ | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা চুনারুঘাট, হবিগঞ্জ | সদস্য ৮ নং ওয়ার্ড চুনারুঘাট পৌরসভা | সভাপতি |
| ২ | উপজেলা নিবার্হী অফিসার চুনারুঘাট, হবিগঞ্জ | প্রশাসক , চুনারুঘাট পৌরসভা | সদস্য |
| ৩ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা চুনারুঘাট, হবিগঞ্জ | সদস্য ৬ ও ৯ নং ওয়ার্ড চুনারুঘাট পৌরসভা | সদস্য |
| ৪ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা চুনারুঘাট, হবিগঞ্জ | সদস্য ১ ও ২ নং ওয়ার্ড চুনারুঘাট পৌরসভা | সদস্য |
| ৫ | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা চুনারুঘাট, হবিগঞ্জ | সদস্য ৪ নং ওয়াড চুনারুঘাট পৌরসভা | সদস্য |
| ৬ | হিসাব রক্ষণ কর্মকর্তা চুনারুঘাট পৌরসভা | চুনারুঘাট পৌরসভা | কো অপ্ট সদস্য (কমিটির সাচিবিক দায়িত্বে) |

২.১। পৌরসভার সকল আয়ব্যয়ের হিসাবপত্র যথাযথভাবে সংরক্ষণ করিতে সংশ্লিষ্ট সকলকে সহায়তা করা;

২.২। সকল প্রকার আদায় ও জমার হিসাব নিয়মিত যাচাই বাছাই করা;

২.৩। সরকারি বিধি বিধান (নির্ধারিত ফরম ও পদ্ধতি অনুসরণে) অবলম্বনে পৌরসভার যাবতীয় হিসাব ও কর্মকাণ্ড পরিচালনা করা হয় কিনা যাচাই করা;

২.৪। স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে পৌরসভার সকল প্রকার আয়ব্যয়ের হিসাব জনসম্মুখে প্রকাশের ব্যবস্থা গ্রহণে সংশ্লিষ্টদের সহায়তা করা;

২.৫। আয়ব্যয়ের হিসাব বৎসরে একবার নিরীক্ষা করা এবং এই সংক্রান্ত প্রতিবেদন পৌরসভার সাধারণ সভায় উপস্থাপনের ব্যবস্থা গ্রহণ;

২.৬। হিসাব শাখাকে পরিপূর্ণভাবে কম্পিউটারাইজড করিতে পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে সহযোগিতা করা;

২.৭। নির্ধারিত সময় পর পর পৌরসভার যাবতীয় আয়ব্যয় অভ্যন্তরীণ নিরীক্ষা করা;

২.৮। হিসাব সংক্রান্ত কম্পিউটার সফটওয়ার চালু থাকিলে পৌরসভার হিসাব ব্যবস্থাপনায় তা ব্যবহার অব্যাহত রাখা;

২.৯। জেলা সদরের পৌরসভার ক্ষেত্রে জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা এবং অন্যান্য পৌরসভার ক্ষেত্রে উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তাকে কমিটির বিশেষজ্ঞ সদস্য হিসাবে কো-অপ্ট করিতে পারিবে (যে ক্ষেত্রে যাহা প্রযোজ্য);

২.১০। অন্যান্য সংশ্লিষ্ট বিষয়াদি।

মোহাম্মদ রবিন মিয়া
প্রশাসক
চুনারুঘাট পৌরসভা

# চুনারুঘাট পৌরসভা কার্যালয়
## Chunarughat Municipality

চুনারুঘাট, হবিগঞ্জ, বাংলাদেশ।
ইমেইল : chunarughatmayor@gmail.com
www.chunarughatpourashava.com

Chunarughat, Habiganj, Bangladesh
Email : chunarughatmayor@gmail.com
www.chunarughatpourashava.com

৪. নগর পরিকল্পনা, নাগরিক সেবা ও উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি

| ক্রমিক নং | নাম ও পদবী | দায়িত্বপ্রাপ্ত ওয়ার্ড | কমিটির পদবী |
|---|---|---|---|
| ১ | উপজেলা প্রকৌশলী চুনারুঘাট, হবিগঞ্জ | সদস্য ৩ ও ৭নং ওয়ার্ড চুনারুঘাট পৌরসভা | সভাপতি |
| ২ | উপজেলা নির্বাহী অফিসার চুনারুঘাট, হবিগঞ্জ | প্রশাসক, চুনারুঘাট পৌরসভা | সদস্য |
| ৩ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা চুনারুঘাট, হবিগঞ্জ | সদস্য ৬ ও ৯ নং ওয়ার্ড চুনারুঘাট পৌরসভা | সদস্য |
| ৪ | ভারপ্রাপ্ত কর্মকর্তা চুনারুঘাট থানা, চুনারুঘাট, হবিগঞ্জ | সদস্য ৫ নং ওয়ার্ড চুনারুঘাট পৌরসভা | সদস্য |
| ৫ | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা চুনারুঘাট, হবিগঞ্জ | সদস্য ৪ নং ওয়াড চুনারুঘাট পৌরসভা | সদস্য |
| ৬ | উপ-সহকারী প্রকৌশলী | চুনারুঘাট পৌরসভা | কো অপ্ট সদস্য (কমিটির সাচিবিক দায়িত্বে) |

২। কমিটির কার্যপরিধিঃ

২.১। পৌর এলাকার জন্য একটি মহাপরিকল্পনা প্রণয়ন ও উক্ত মহাপরিকল্পনা কার্যকর করিতে সহায়তা করা। এই ধরনের মহাপরিকল্পনা প্রণয়নে যে বিষয়গুলি বিশেষভাবে বিবেচনায় রাখিতে হইবে-

ক) পৌর এলাকার ইতিহাস ও ঐতিহ্য, পরিসংখ্যান, জনসেবামূলক এবং অন্যান্য বিষয়াদির বিবরণ সম্বলিত একটি জরিপ পরিচালনা করা;

খ) পৌর এলাকার কোন কোন স্থান বা এলাকার উন্নয়ন ও সম্প্রসারণ করা দরকার তাহার একটি মানচিত্র প্রস্তুত করা;

গ) প্রাকৃতিক পরিবেশ বজায় রাখার জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণে পৌর পরিষদকে পরামর্শ প্রদান করা।

ঘ) সুষম উন্নয়নের স্বার্থে পৌর এলাকার কোন অঞ্চলের অহেতুক অবকাঠামোগত সম্প্রসারণ নিয়ন্ত্রণ করা;

ঙ) অবকাঠামো ও নাগরিক সেবা উন্নয়নে পৌর আইনের যথাযথ প্রয়োগ নিশ্চিত করতে সকলকে পরামর্শ প্রদান করা; এবং

চ) অবকাঠামো ও নাগরিক সেবা উন্নয়নে পৌর আইনের যথাযথ প্রয়োগ নিশ্চিত করতে সকলকে পরামর্শ প্রদান করা।

২.২। সকল প্রকার নাগরিক সুবিধা প্রদানের লক্ষ্যে পৌর এলাকার রাস্তা ও অন্যান্য এলাকায় বৃক্ষ রোপন, পরিচর্যা উদ্যান নির্মাণ, রক্ষণাবেক্ষণ, খোলা জায়গার ব্যবস্থা, পুকুর নিস্কাষন, রক্ষণা-বেক্ষণে পৌর-কর্তৃপক্ষকে সহায়তা প্রদান;

২.৩। বিভিন্ন প্রকার উন্নয়ন কর্মকাণ্ড চিহ্নিত করে তা গ্রহণ ও বাস্তবায়নে পৌর পরিষদকে পরামর্শ প্রদান করা এবং চলমান প্রকল্প বাস্তবায়নে সকলকে সহায়তা করা;

২.৪। পৌরসভার অবকাঠামো তালিকা প্রণয়ন ও বেইজ ম্যাপ ব্যবহার পূর্বক অবকাঠামো উন্নয়নে পৌরসভাকে সহায়তা প্রদান;

২.৫। ইমারত নির্মাণ ও পুনঃ নির্মাণের যাবতীয় কর্মকাণ্ড পরিবীক্ষণ করা, বিশেষতঃ বিল্ডিং কোড ব্যবহার নিশ্চিত করা;

২.৬। জেলা সদরের পৌরসভার ক্ষেত্রে নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর এবং অন্যান্য পৌরসভার ক্ষেত্রে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের সংশ্লিষ্ট উপজেলা প্রকৌশলীকে বিশেষজ্ঞ সদস্য হিসাবে কো-অপ্ট করিতে পারিবে (যে ক্ষেত্রে যাহা প্রযোজ্য);

২.৭ অন্যান্য সংশ্লিষ্ট বিষয়াদি।

মোহাম্মদ রবিন মিয়া
প্রশাসক
চুনারুঘাট পৌরসভা

### ৫.আইন শৃংখলা ও জন নিরাপত্তা বিষয়ক স্থায়ী কমিটি

| ক্রমিক নং | নাম ও পদবী | দায়িত্বপ্রাপ্ত ওয়ার্ড | কমিটির পদবী |
|---|---|---|---|
| ১ | উপজেলা নিবার্হী অফিসার<br>চুনারুঘাট, হবিগঞ্জ | প্রশাসক ,<br>চুনারুঘাট পৌরসভা | সভাপতি |
| ২ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা<br>চুনারুঘাট, হবিগঞ্জ | সদস্য ৬ ও ৯ নং ওয়ার্ড চুনারুঘাট পৌরসভা | সদস্য |
| ৩ | ভারপ্রাপ্ত কর্মকর্তা<br>চুনারুঘাট থানা, চুনারুঘাট, হবিগঞ্জ | সদস্য ৫ নং ওয়ার্ড চুনারুঘাট পৌরসভা | সদস্য |
| ৪ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা<br>চুনারুঘাট, হবিগঞ্জ | সদস্য ১ ও ২ নং ওয়ার্ড চুনারুঘাট পৌরসভা | সদস্য |
| ৫ | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা<br>চুনারুঘাট, হবিগঞ্জ | সদস্য ৪ নং ওয়ার্ড<br>চুনারুঘাট পৌরসভা | সদস্য |
| ৬ | পৌর নিবর্হী কর্মকর্তা | চুনারুঘাট পৌরসভা | কো অপ্ট সদস্য<br>(কমিটির সাচিবিক দায়িত্বে) |

২.১। পৌর এলাকার নাগরিকদের নিরাপত্তা ও আইন শৃঙ্খলা রক্ষার কাজে পৌর পরিষদসহ পৌরসভার সকল বিভাগকে সক্রিয় করা;

২.২। পৌর এলাকার বিভিন্ন অপরাধ কর্মকাণ্ড, অপরাধের ধরণ, অপরাধীদের চিহ্নিতকরণ, অপরাধ প্রতিরোধ এবং অপরাধীদের গ্রেফতারের জন্য পুলিশকে সহযোগিতা করা;

২.৩। পৌর এলাকার মধ্যে খারাপ ও সন্দেহভাজন ব্যক্তিদের আনাগোনা সম্পর্কে খবরাখবর রাখা এবং তাহাদের সম্পর্কে পুলিশকে তথ্য সবরাহ করা;

২.৪। পৌরসভার সম্পদের ক্ষতিসাধন, সম্পদের দখল, অবৈধ ব্যবহার ইত্যাদি প্রতিরোধে কার্যকর ব্যবস্থা নেয়া;

২.৫। পৌরসেবা প্রদান করিতে বাধা দেয়া হলে তাহা প্রতিরোধ করা;

২.৬। পৌর এলাকায় সকল প্রকার বিরোধ, দাঙ্গা বা মরাত্মক কলহের সৃষ্টি করিতে পারে বা জনশৃঙ্খলা বিঘ্নিত করিতে পারে এমন আশংকা থাকিলে তাহা প্রতিরোধ করার জন্য উদ্যোগ গ্রহণ এবং প্রয়োজনে পুলিশের সহায়তা গ্রহণ করা। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ করা;

২.৭। অগ্নি নির্বাপন ও প্রতিরোধ, দূর্যোগকালীন সময়ে বেসমারিক প্রতিরক্ষা ব্যবস্থা গ্রহণ এবং নাগরিক সংহতি বজায় রাখার কাজে পৌর পরিষদসহ সকল বিভাগকে পরামর্শ ও সহায়তা প্রদান করা;

২.৮। আইন শৃঙ্খলা পরিস্থিতির উন্নতি বিধান ও সুষ্ঠু আইন শৃঙ্খলা পরিস্থিতি বজায় রাখিতে জনসচেতনতা বৃদ্ধির কার্যক্রম গ্রহণ করা;

২.৯। ছোট খাট বিবাদ মিমাংসার জন্য সালিশের ব্যবস্থা গ্রহণ করা;

২.১০। পৌর এলাকার সংশ্লিষ্ট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (প্রশাসনিক) কে বিশেষজ্ঞ সদস্য হিসেবে কো-অপট্ করিতে পারিবে।

২৮/১০/২০২৫

মোহাম্মদ রবিন মিয়া
প্রশাসক
চুনারুঘাট পৌরসভা



CamScanner

চুনারুঘাট, হবিগঞ্জ, বাংলাদেশ।
ইমেইল : chunarughatmayor@gmail.com
www.chunarughatpourashava.com

Chunarughat, Habiganj, Bangladesh
Email : chunarughatmayor@gmail.com
www.chunarughatpourashava.com


### ৬. যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক স্থায়ী কমিটি

| ক্রমিক নং | নাম ও পদবী | দায়িত্বপ্রাপ্ত ওয়ার্ড | কমিটির পদবি |
|---|---|---|---|
| ১ | উপজেলা প্রকৌশলী<br>চুনারুঘাট, হবিগঞ্জ | সদস্য ৩ ও ৭নং ওয়ার্ড<br>চুনারুঘাট পৌরসভা | সভাপতি |
| ২ | উপজেলা নিবার্হী অফিসার<br>চুনারুঘাট, হবিগঞ্জ | প্রশাসক ,<br>চুনারুঘাট পৌরসভা | সদস্য |
| ৩ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা<br>চুনারুঘাট, হবিগঞ্জ | সদস্য ৬ ও ৯ নং ওয়ার্ড<br>চুনারুঘাট পৌরসভা | সদস্য |
| ৪ | ভারপ্রাপ্ত কর্মকর্তা<br>চুনারুঘাট থানা, চুনারুঘাট, হবিগঞ্জ | সদস্য ৫ নং ওয়ার্ড চুনারুঘাট পৌরসভা | সদস্য |
| ৫ | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা<br>চুনারুঘাট, হবিগঞ্জ | সদস্য ৪ নং ওয়ার্ড<br>চুনারুঘাট পৌরসভা | সদস্য |
| ৬ | উপ-সহকারী প্রকৌশলী | চুনারুঘাট পৌরসভা | কো অপ্ট সদস্য<br>(কমিটির সাচিবিক দায়িত্বে) |

২। কমিটির কার্যপরিধিঃ-

২.১। যানবাহন ও সর্বসাধারণের চলাচলের জন্য পৌর এলাকার সড়ক যোগাযোগ সম্পর্কিত পরিকল্পনা প্রণয়নে সংশ্লিষ্ট বিভাগকে সহায়তা করা;

২.২। পৌর এলাকার সকল সড়ক ও রাস্তাঘাট উন্নয়ন ও সংস্কারের পরিকল্পনা প্রণয়নে সংশ্লিষ্ট বিভাগকে সহায়তা করা;

২.৩। জনসাধারণের সুবিধার জন্য বাস টার্মিনাল ও যাত্রী ছাউনি নির্মাণের ব্যবস্থা করা;

২.৪। পৌরসভার সকল অবকাঠামো ইনভেন্টরী করা, ডাটাবেজ ও ম্যাপ তৈরী করা;

২.৫। বিভিন্ন প্রকার ভৌত অবকাঠামোর বাস্তব অবস্থা পর্যবেক্ষণ ও পর্যালোচনার জন্য সরেজমিনে পরিদর্শন, মনিটরিং ও তদারক করা;

২.৬। পৌরসভার সংশ্লিষ্ট সকলকে মাস্টার প্ল্যান সম্পর্কে অবহিতকরণের উদ্যোগ নেয়া;

২.৭। পৌরসভা এলাকার সড়কসমূহে বাতির ব্যবস্থা করা ও ট্রাফিক নিয়ন্ত্রণের যাবতীয় কার্যক্রম গ্রহণ;

২.৮। জেলা সদরের পৌরসভার ক্ষেত্রে সড়ক ও জনপথ অধিদপ্তরের সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী অথবা উপ-বিভাগীয় এবং অন্যান্য পৌরসভার ক্ষেত্রে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের সংশ্লিষ্ট উপজেলা প্রকৌশলীকে বিশেষজ্ঞ সদস্য হিসাবে কো-অপট্ করিতে পারিবে (যে ক্ষেত্রে যাহা প্রযোজ্য);

২.৯। অন্যান্য সংশ্লিষ্ট বিষয়াদি সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করা।

মোহাম্মদ রবিন মিয়া
প্রশাসক
চুনারুঘাট পৌরসভা

### ৭ মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি

| ক্রমিক নং | নাম ও পদবী | দায়িত্বপ্রাপ্ত ওয়ার্ড | কমিটির পদবী |
|---|---|---|---|
| ১ | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা<br>চুনারুঘাট, হবিগঞ্জ | সদস্য ৪ নং ওয়ার্ড<br>চুনারুঘাট পৌরসভা | সভাপতি |
| ২ | উপজেলা নিবার্হী অফিসার<br>চুনারুঘাট, হবিগঞ্জ | প্রশাসক,<br>চুনারুঘাট পৌরসভা | সদস্য |
| ৩ | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা<br>চুনারুঘাট, হবিগঞ্জ | সদস্য ৮ নং ওয়ার্ড<br>চুনারুঘাট পৌরসভা | সদস্য |
| ৪ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা<br>চুনারুঘাট, হবিগঞ্জ | সদস্য ১ ও ২ নং ওয়ার্ড<br>চুনারুঘাট পৌরসভা | সদস্য |
| ৫ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br>চুনারুঘাট, হবিগঞ্জ | চুনারুঘাট উপজেলা | সদস্য |
| ৬ | হিসাব রক্ষণ কর্মকর্তা, | চুনারুঘাট পৌরসভা | কো অপ্ট সদস্য<br>(কমিটির সাচিবিক দায়িত্বে)) |

২.১। পৌরসভার বিভিন্ন কর্মকাণ্ডে মহিলাদের অংশগ্রহণ নিশ্চিতকরণে কার্যকর পদক্ষেপ গ্রহণ;

২.২। আয়বৃদ্ধিমূলক কর্মকাণ্ডে সম্পৃক্ত মহিলাদের অধিকতর আকৃষ্ট করার জন্য ব্যবসায়ী মহিলাদের জন্য পৌর মার্কেটের দোকান বরাদ্দের ক্ষেত্রে কোটা সংরক্ষণ করা;

২.৩। নারী শিশুসহ পিছিয়ে পড়া জনগোষ্ঠীর কল্যাণে বিভিন্নমুখী উন্নয়ন কার্যক্রম গ্রহণে সুপারিশ করা;

২.৪। নারী ও শিশু পাচার এবং বাল্য বিবাহ রোধে জনগণকে সচেতন করা। যৌতুক বিরোধী অভিযান পরিচালনা করা। যৌতুকের ক্ষতিকর প্রভাব সম্পর্কে জনগণকে অবহিত করা;

২.৫। জন্ম-মৃত্যুর তথ্যাদি সংগ্রহ ও সংরক্ষণ করা। জন্ম নিবন্ধন করিতে পৌরবাসীকে উৎসাহিত করা;

২.৬। দুঃস্থ মহিলা ও শিশুদের স্বাভাবিক জীবন যাপন ও নিরাপত্তার ব্যবস্থা করা। প্রয়োজনে এতিমখানা, বিধবা নিবাস বা আশ্রয় কেন্দ্র ইত্যাদি প্রতিষ্ঠাকরণে সুপারিশ করা;

২.৭। ভিক্ষাবৃত্তি, ইভটিজিং পতিতাবৃত্তি, কিশোর শ্রম বা কিশোর অপরাধের ন্যায় বিভিন্ন অনাচার বন্ধে জনগণকে সচেতন করা এবং পৌরসভার মাধ্যমে বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম গ্রহণ করিতে সুপারিশ করা;

২.৮। শিশুদের জন্য খেলার মাঠ ও বিনোদন কেন্দ্র বা পার্ক নির্মাণে সুপারিশ করা;

২.৯। জেলা পর্যায়ের পৌরসভার ক্ষেত্রে জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা এবং অন্যান্য পৌরসভার ক্ষেত্রে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা অথবা উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে বিশেষজ্ঞ সদস্য হিসাবে কো-অপট্‌ করিতে পারিবে (যে ক্ষেত্রে যাহা প্রযোজ্য);

২.১০। অন্যান্য সংশ্লিষ্ট বিষয়াদি সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করা।

মোহাম্মদ রবিন মিয়া
প্রশাসক
চুনারুঘাট পৌরসভা

চুনারুঘাট, হবিগঞ্জ, বাংলাদেশ।
ইমেইল : chunarughatmayor@gmail.com
www.chunarughatpourashava.com

Chunarughat, Habiganj, Bangladesh
Email : chunarughatmayor@gmail.com
www.chunarughatpourashava.com


### ৮ মৎস্য ও প্রাণী সম্পদ বিষয়ক স্থায়ী কমিটি

| ক্রমিক নং | নাম ও পদবী | দায়িত্বপ্রাপ্ত ওয়ার্ড | কমিটির পদবী |
|---|---|---|---|
| ১ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা<br>চুনারুঘাট, হবিগঞ্জ | সদস্য ১ ও ২ নং ওয়ার্ড<br>চুনারুঘাট পৌরসভা | সভাপতি |
| ২ | উপজেলা নিবর্হী অফিসার<br>চুনারুঘাট, হবিগঞ্জ | প্রশাসক,<br>চুনারুঘাট পৌরসভা | সদস্য |
| ৩ | উপজেলা প্রকৌশলী<br>চুনারুঘাট, হবিগঞ্জ | সদস্য ৩ ও ৭নং ওয়ার্ড<br>চুনারুঘাট পৌরসভা | সদস্য |
| ৪ | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা<br>চুনারুঘাট, হবিগঞ্জ | সদস্য ৮ নং ওয়ার্ড<br>চুনারুঘাট পৌরসভা | সদস্য |
| ৫ | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা<br>চুনারুঘাট, হবিগঞ্জ | সদস্য ৪ নং ওয়ার্ড<br>চুনারুঘাট পৌরসভা | সদস্য |
| ৬ | জনাব নাজমা আক্তার<br>টিকাদান সুপার ভাইজার | চুনারুঘাট পৌরসভা | কো অপ্ট সদস্য<br>(কমিটির সাচিবিক দায়িত্বে) |

২। কমিটির কার্যপরিধিঃ-

২.১। জীব বৈচিত্র সংরক্ষণে অনুকূল পরিবেশ বজায় রাখার জন্য জনগণের মাঝে সচেতনতা সৃষ্টিতে সহায়তা করা;

২.২। গবাদি পশু, হাঁস-মুরগী এবং মাছের বিভিন্ন রোগের প্রতিকার ও প্রতিরোধের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সহায়তা করা;

২.৩। মারাত্মক আক্রান্ত গবাদি পশু পাখির চিকিৎসার ব্যবস্থা গ্রহণ করা এবং প্রয়োজনে আক্রান্ত পশু পাখি ধ্বংসের ব্যবস্থা করা;

২.৪। পশু পাখির রোগ বালাই প্রতিরোধের টিকা সংগ্রহ ও প্রদানের ব্যবস্থা গ্রহণ করা;

২.৫। পৌর এলাকার বিভিন্ন পুকুর, জলাধার ও নিম্নাঞ্চলসমূহ পুনরুদ্ধারে ব্যবস্থা গ্রহণ করা এবং প্রয়োজনে সংস্কার করা। এইরূপ জলাধারকে মৎস্য ক্ষেত্র হিসাবে ঘোষণা করা;

২.৬। পৌর এলাকার সীমানা বা ইহার বাহিরে কসাইখানা স্থাপন ও রক্ষণাবেক্ষণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে সুপারিশ করা;

২.৭। পৌর এলাকার প্রাণি হাসপাতাল ও ডিসপেনসারি স্থাপন, রক্ষণাবেক্ষণ করার ব্যবস্থা গ্রহণ;

২.৮। জেলা পর্যায়ের পৌর সভার ক্ষেত্রে জেলা প্রাণি সম্পদ কর্মকর্তা এবং অন্যান্য পৌরসভার ক্ষেত্রে উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তাকে বিশেষজ্ঞ সদস্য হিসাবে কো-অপট্ করিতে পারিবে (যে ক্ষেত্রে যাহা প্রযোজ্য);

২.৯। অন্যান্য সংশ্লিষ্ট বিষয়াদি সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করা।

মোহাম্মদ রবিন মিয়া
প্রশাসক
চুনারুঘাট পৌরসভা

# চুনারুঘাট পৌরসভা কার্যালয়
## Chunarughat Municipality

চুনারুঘাট, হবিগঞ্জ, বাংলাদেশ।
ইমেইল : chunarughatmayor@gmail.com
www.chunarughatpourashava.com

Chunarughat, Habiganj, Bangladesh
Email : chunarughatmayor@gmail.com
www.chunarughatpourashava.com


৯ তথ্য ও সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটি

| ক্রমিক নং | নাম ও পদবী | দায়িত্বপ্রাপ্ত ওয়ার্ড | কমিটির পদবী |
|---|---|---|---|
| ১ | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা চুনারুঘাট, হবিগঞ্জ | সদস্য ৪ নং ওয়ার্ড চুনারুঘাট পৌরসভা | সভাপতি |
| ২ | উপজেলা নির্বাহী অফিসার চুনারুঘাট, হবিগঞ্জ | প্রশাসক, চুনারুঘাট পৌরসভা | সদস্য |
| ৩ | ভারপ্রাপ্ত কর্মকর্তা চুনারুঘাট থানা | সদস্য ৫ নং ওয়ার্ড চুনারুঘাট পৌরসভা | সদস্য |
| ৪ | উপজেলা প্রকৌশলী এলজিইডি চুনারুঘাট | সদস্য ৩ ও ৭নং ওয়ার্ড চুনারুঘাট পৌরসভা | সদস্য |
| ৫ | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা চুনারুঘাট, হবিগঞ্জ | সদস্য ৮ নং ওয়ার্ড চুনারুঘাট পৌরসভা | সদস্য |
| ৬ | বিউটি রানী দেব লাইসেন্স পরিদর্শক | চুনারুঘাট পৌরসভা | কো অপ্ট সদস্য (কমিটির সাচিবিক দায়িত্বে) |

২.১। সুস্থ্য সাংস্কৃতিক কর্মকাণ্ডের বিকাশে সংশ্লিষ্ট সরকারি ও বেসরকারি দপ্তরসমূহের সাথে যোগাযোগ রক্ষা করা;

২.২। জনসংযোগ বিষয়ক তথ্য সংগ্রহ, বিভিন্ন প্রকার বার্তা ও বাণী প্রস্তুত এবং প্রচারের যথাযথ উপায় ও মাধ্যম নির্বাচন করা;

২.৩। পৌর এলাকার ঐতিহাসিক উপাদানগুলির যথাযথ সংরক্ষন করা এবং ক্ষতি সাধন প্রতিরোধ করা;

২.৪। জাতীয় পর্যায়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ দিবসসমূহ ভাবগাম্ভির্যের সহিত পৌর এলাকায় উদযাপনের ব্যবস্থা গ্রহণ করা;

২.৫। বিনোদন, ব্যায়াম ও খেলাধুলায় উৎসাহ দান করা এবং বিভিন্ন প্রকার টুর্নামেন্টের আয়োজন করা;

২.৬। বিভিন্ন ধর্মীয় অনুষ্ঠান আয়োজনকারীদের সহায়তা করা। সকল ধর্মের অনুসারীদের নিজ নিজ ধর্ম পালনে সহায়তা করা;

২.৭। মসজিদ, মন্দির, গীর্জা ও প্যাগোডাসহ অন্যান্য সকল ধর্মীয় প্রতিষ্ঠানের আচার অনুষ্ঠান প্রতিপালনে সহযোগীতা করা;

২.৮। পৌর এলাকায় শিক্ষার প্রসারে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা;

২.৯। পৌরসভার পরিচালিত তথ্য ও সেবা কেন্দ্রে সেবার মান পরীবিক্ষণ;

২.১০। জেলা পর্যায়ের পৌর সভার ক্ষেত্রে জেলা শিক্ষা অফিসার এবং অন্যান্য পৌরসভার ক্ষেত্রে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে বিশেষজ্ঞ সদস্য হিসাবে কো অপট্ করিতে পারিবে (যে ক্ষেত্রে যাহা প্রযোজ্য);

২.১১। অন্যান্য সংশ্লিষ্ট বিষয়াদি সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করা।



মোহাম্মদ রবিন মিয়া
প্রশাসক
চুনারুঘাট পৌরসভা

চুনারুঘাট, হবিগঞ্জ, বাংলাদেশ।
ইমেইল : chunarughatmayor@gmail.com
www.chunarughatpourashava.com

Chunarughat, Habiganj, Bangladesh
Email : chunarughatmayor@gmail.com
www.chunarughatpourashava.com


### ১০ বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ বিষয়ক স্থায়ী কমিটি

| ক্রমিক নং | নাম ও পদবী | দায়িত্বপ্রাপ্ত ওয়ার্ড | কমিটির পদবী |
|---|---|---|---|
| ১ | ভারপ্রাপ্ত কর্মকর্তা চুনারুঘাট থানা | সদস্য ৫ নং ওয়ার্ড চুনারুঘাট পৌরসভা | সভাপতি |
| ২ | উপজেলা নিবার্হী অফিসার চুনারুঘাট, হবিগঞ্জ | প্রশাসক, চুনারুঘাট পৌরসভা | সদস্য |
| ৩ | উপজেলা প্রকৌশলী এলজিইডি, চুনারুঘাট | সদস্য ৩ ও ৭নং ওয়ার্ড চুনারুঘাট পৌরসভা | সদস্য |
| ৪ | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা চুনারুঘাট, হবিগঞ্জ | সদস্য ৪.নং ওয়ার্ড চুনারুঘাট পৌরসভা | সদস্য |
| ৫ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা চুনারুঘাট, হবিগঞ্জ | সদস্য ১ ও ২ নং ওয়ার্ড চুনারুঘাট পৌরসভা | সদস্য |
| ৬ | জনাব মো: তাহির আলী উচ্চমান সহকারী | চুনারুঘাট পৌরসভা | কো অপ্ট সদস্য (কমিটির সাচিবিক দায়িত্বে) |

২। কমিটির কার্যপরিধি ঃ-

২.১। পৌরসভা এলাকায় অবস্থিত বিভিন্ন বাজারের নিত্য প্রয়োজনীয় পণ্য সামগ্রীর মূল্য পরিস্থিতি পর্যালোচনা ও মূল্য নিয়ন্ত্রণে সুপারিশ করা;

২.২। পণ্য চাহিদা ও সরবরাহ পরিস্থিতি পর্যালোচনা করা। কোন প্রকার সংকট থাকিলে উহার কারণ ও সমাধানের উপায় নির্ধারণ করা;

২.৩। নকল ও স্বাস্থ্যের জন্য ক্ষতিকর পণ্য সামগ্রীর বিক্রয় পরিস্থিতি পর্যবেক্ষণ ও মনিটরিং করা সামগ্রীক বাজার পরিস্থিতির উপর প্রতিবেদন প্রস্তত করা এবং পৌর পরিষদকে অবহিত করা;

২.৪। বাজার মূল্য পরিস্থিতি ও স্বাস্থ্যের জন্য ক্ষতিকর পণ্য সামগ্রীর বিক্রয় নিয়ন্ত্রণে নিয়মিত ভ্রাম্যমাণ আদালত পরিচালনায় প্রশাসনের সহযোগিতা নেওয়া এবং ভ্রাম্যমাণ আদালতকে সামগ্রিকভাবে সহায়তা করা;

২.৫। অন্যান্য সংশ্লিষ্ট বিষয়াদি সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করা।

মোহাম্মদ রবিন মিয়া
প্রশাসক
চুনারুঘাট পৌরসভা

# চুনারুঘাট পৌরসভা কার্যালয়
## Chunarughat Municipality

চুনারুঘাট, হবিগঞ্জ, বাংলাদেশ।
ইমেইল : chunarughatmayor@gmail.com
www.chunarughatpourashava.com

Chunarughat, Habiganj, Bangladesh
Email : chunarughatmayor@gmail.com
www.chunarughatpourashava.com


### ১১.দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি

| ক্রমিক নং | নাম ও পদবী | দায়িত্বপ্রাপ্ত ওয়ার্ড | কমিটির পদবী |
|---|---|---|---|
| ১ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা চুনারুঘাট, হবিগঞ্জ | সদস্য ৬ ও ৯ নং ওয়ার্ড চুনারুঘাট পৌরসভা | সভাপতি |
| ২ | উপজেলা নিবাহী অফিসার চুনারুঘাট, হবিগঞ্জ | প্রশাসক, চুনারুঘাট পৌরসভা | সদস্য |
| ৩ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা চুনারুঘাট, হবিগঞ্জ | সদস্য ১ ও ২ নং ওয়ার্ড চুনারুঘাট পৌরসভা | সদস্য |
| ৪ | ভারপ্রাপ্ত কর্মকর্তা চুনারুঘাট থানা | সদস্য ৫ নং ওয়ার্ড চুনারুঘাট পৌরসভা | সদস্য |
| ৫ | উপজেলা প্রকৌশলী এলজিইডি, চুনারুঘাট | সদস্য ৩ ও ৭ নং ওয়ার্ড চুনারুঘাট পৌরসভা | সদস্য |
| ৬ | জনাব টিটন দাশ উপ-সহকারী প্রকৌশলী | চুনারুঘাট পৌরসভা | কো অপ্ট সদস্য (কমিটির সাচিবিক দায়িত্বে) |

২.১। পৌরসভা এলাকায় বসবাসকারী দরিদ্র মানুষ এবং বস্তির সংখ্যা নিরূপণ ও তালিকা তৈরী করা;

২.২। দরিদ্র মানুষের চাহিদা নিরূপণ ও অগ্রাধিকার নির্ণয় করা;

২.৩। দারিদ্র্য নিরসনে স্কীম চিহ্নিতকরণ, কর্ম পরিকল্পনা প্রণয়ন এবং সেই সকল কর্ম প্রকল্প বাস্তবায়ন করা;

২.৪। দরিদ্র মানুষের জন্য শিক্ষা, স্বাস্থ্য ও আয় বৃদ্ধিমূলক কর্মকাণ্ড গ্রহণ করা;

২.৫। পৌরসভার বিভিন্ন উন্নয়ন কর্মকান্ড দরিদ্র জনগণকে সম্পৃক্ত করা;

২.৬। দরিদ্র মানুষ বিশেষত দরিদ্র মহিলা, শিশু ও প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য আয় বর্ধক কর্মসূচি ও শিক্ষা কার্যক্রম গ্রহণ করা;

২.৭। বস্তি ও ক্লাস্টার চিহ্নিত করা, আর্থ-সামাজিক ও অবকাঠামো সেবা প্রদানের ব্যবস্থা করা;

২.৮। বস্তি উন্নয়নে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা। বস্তিতে পয়:নিস্কাশন ও পানীয় জলের ব্যবস্থা করা;

২.৯। অন্যান্য সংশ্লিষ্ট বিষয়াদি সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করা।

মোহাম্মদ রবিন মিয়া
প্রশাসক
চুনারুঘাট পৌরসভা

CamScanner

চুনারুঘাট পৌরসভা কার্যালয়
Chunarughat Municipality
চুনারুঘাট, হবিগঞ্জ, বাংলাদেশ।
ইমেইল : chunarughatmayor@gmail.com
www.chunarughatpourashava.com
Chunarughat, Habiganj, Bangladesh
Email : chunarughatmayor@gmail.com
www.chunarughatpourashava.com

১২. বেসরকারী সংস্থার সহিত সমন্বয় ও দুর্যোগ ব্যাবস্থাপনা বিষয়ক স্থায়ী কমিটি

| ক্রমিক নং | নাম ও পদবী | দায়িত্বপ্রাপ্ত ওয়ার্ড | কমিটির পদবী |
|---|---|---|---|
| ১ | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা<br>চুনারুঘাট, হবিগঞ্জ | সদস্য ৮ নং ওয়ার্ড<br>চুনারুঘাট পৌরসভা | সভাপতি |
| ২ | উপজেলা নিবার্হী অফিসার<br>চুনারুঘাট, হবিগঞ্জ | প্রশাসক,<br>চুনারুঘাট পৌরসভা | সদস্য |
| ৩ | উপজেলা প্রকৌশলী<br>এলজিইডি চুনারুঘাট, চুনারুঘাট | সদস্য ৩ ও ৭নং ওয়ার্ড<br>চুনারুঘাট পৌরসভা | সদস্য |
| ৪ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা<br>চুনারুঘাট, হবিগঞ্জ | সদস্য ১ ও ২ নং ওয়াড<br>চুনারুঘাট পৌরসভা | সদস্য |
| ৫ | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা<br>চুনারুঘাট, হবিগঞ্জ | সদস্য ৪ নং ওয়াড<br>চুনারুঘাট পৌরসভা | সদস্য |
| ৬ | ছিদ্দিক আলী<br>কর আদায়কারী | চুনারুঘাট পৌরসভা | কো অপ্ট সদস্য<br>(কমিটির সাচিবিক দায়িত্বে) |

২। কমিটির কার্যপরিধি ঃ-

২.১। পৌর এলাকার বিভিন্ন বেসরকারি প্রতিষ্ঠান যথা শিক্ষা, স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা, দারিদ্র বিমোচন,ত্রাণ, দূর্যোগ ব্যবস্থাপনা, ক্ষুদ্র ঋণ ইত্যাদি সেবাধর্মী প্রতিষ্ঠানের কার্যক্রমের সংঙ্গে পৌরসভার উন্নয়ন কার্যক্রমের সমন্বয় সাধন করা;

২.২। সেবার নামে কোন ভাবেই যেন নাগরিক হয়রানির ঘটনা না ঘটে সে বিষয় পর্যবেক্ষণ করা এবং প্রয়োজনে কার্যকর ব্যবস্থা গ্রহণ করা;

২.৩। বেসরকারি প্রতিষ্ঠানের সৃষ্টিধর্মী উন্নয়ন কর্মকাণ্ডগুলি সম্পর্কিত ধারণা পৌরসভার নিজস্ব উন্নয়ন কর্মসূচিতে প্রতিফলন ঘটানোর চেষ্টা করা;

২.৪। বেসরকারি প্রতিষ্ঠানের জনস্বার্থ পরিপন্থি কোন কার্যক্রম গোচরীভূত হইলে সেই সম্পর্কে পৌর পরিষদসহ আইন শৃঙ্খলা বিষয়ক কমিটির নজরে আনা;

২.৫। বেসরকারি প্রতিষ্ঠান কর্তৃক কোন ধরনের রাষ্ট্র বিরোধী কর্মকাণ্ড পরিচালিত হয় কিনা তাহা পর্যবেক্ষণ করা এবং ঐ সকল প্রতিষ্ঠানের কর্মকাণ্ড সম্পর্কে পৌর পরিষদ ও আইন শৃঙ্খলা সম্পর্কিত স্থায়ী কমিটিকে অবহিত করা;

২.৬। অন্যান্য সংশ্লিষ্ট বিষয়াদি সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করা।

২.১। দূর্যোগ সংক্রান্ত সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের স্থায়ী নির্দেশাবলী অনুযায়ী পূর্ব সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করা;

২.২। দূর্যোগ প্রাদুর্ভাব সংক্রান্ত সচেতনতা বৃদ্ধির জন্য বিভিন্ন কার্যক্রম গ্রহণ;

২.৩। দূর্যোগ মোকাবেলায় সক্ষমতা বৃদ্ধির জন্য পৌরসভার কর্মকর্তা কর্মচারীদের প্রশিক্ষণের ব্যবস্থা করা; বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদেরও প্রশিক্ষণের ব্যবস্থা করা;

২.৪। দূর্যোগকালীন সময়ে জরুরী ভিত্তিতে পৌরসভায় দূর্যোগ নিয়ন্ত্রণ কক্ষের ব্যবস্থা করা;

২.৫। দূর্যোগকালীন সময়ে এবং পরে সহায়তা প্রদানের লক্ষ্যে উপজেলা ও জেলা প্রশাসনের সাথে যোগযোগ রক্ষা করা;

২.৬। দূর্যোগকালীন সময়ে ঝুঁকিগ্রস্থ ব্যক্তিদের নিরাপদ জায়গায় স্থানান্তরের ব্যবস্থা গ্রহণ করা;

২.৭। দূর্যোগের কারণে আহত ব্যক্তিদের জরুরী ভিত্তিতে চিকিৎসা সহায়তা প্রদানের ব্যবস্থা করা;

২.৮। দূর্যোগ পরবর্তী ক্ষতিগ্রস্থ ব্যক্তিদের পূনর্বাসনের ব্যবস্থা করা;

মোহাম্মদ রবিন মিয়া
প্রশাসক
চুনারুঘাট পৌরসভা

CamScanner

চুনারুঘাট পৌরসভা কার্যালয়
Chunarughat Municipality
চুনারুঘাট, হবিগঞ্জ, বাংলাদেশ।
ইমেইল: chunarughatmayor@gmail.com
www.chunarughatpourashava.com
Chunarughat, Habiganj, Bangladesh
Email : chunarughatmayor@gmail.com
www.chunarughatpourashava.com

১৩. স্বাস্থ্য, পানি ও স্যানিটেশন এবং আবর্জনা অপসারণ বিষয়ক স্থায়ী কমিটি

| ক্রমিক নং | নাম ও পদবী | দায়িত্বপ্রাপ্ত ওয়ার্ড | কমিটির পদবী |
|---|---|---|---|
| ১ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা<br>চুনারুঘাট, হবিগঞ্জ | সদস্য ১ ও ২ নং ওয়াড<br>চুনারুঘাট পৌরসভা | সভাপতি |
| ২ | উপজেলা নিবার্হী অফিসার<br>চুনারুঘাট, হবিগঞ্জ | প্রশাসক,<br>চুনারুঘাট পৌরসভা | সদস্য |
| ৩ | উপজেলা স্বাস্থ্যও পরিবার পরিকল্পনা কর্মকর্তা<br>চুনারুঘাট, হবিগঞ্জ | সদস্য ৬ ও ৯ নং ওয়ার্ড<br>চুনারুঘাট পৌরসভা | সদস্য |
| ৪ | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা<br>চুনারুঘাট, হবিগঞ্জ | সদস্য ৮ নং ওয়ার্ড<br>চুনারুঘাট পৌরসভা | সদস্য |
| ৫ | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা<br>চুনারুঘাট, হবিগঞ্জ | সদস্য ৪ নং ওয়াড<br>চুনারুঘাট পৌরসভা | সদস্য |
| ৬ | জনাব টিটন দাশ<br>উপ-সহকারী প্রকৌশলী | চুনারুঘাট পৌরসভা | কো অপ্ট সদস্য<br>(কমিটির সাচিবিক দায়িত্বে) |

২। কমিটির কার্যপরিধি :-

২.১। পৌরসভা এলাকায় ইপিআই কর্মসূচিসহ প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা কার্যক্রম বাস্তবায়নে সহায়তা করা;

২.২। পৌর এলাকার পরিবেশ সংরক্ষণ এবং হোটেল, রেঁস্তোরা, হাট ও বাজারের খোলা খাদ্যের মাণ নিয়ন্ত্রণের ব্যবস্থা করা;

২.৩। নিরাপদ ও স্বাস্থ্যসম্মত পয়:প্রণালী ব্যবস্থা নিশ্চিত করা;

২.৪। জনসাধারণের স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধির জন্য বিভিন্ন উদ্বুদ্ধকরণ কর্মসূচি গ্রহণ করা। সকল সরকারি ও বেসরকারি সংস্থার সহিত সমন্বয় সাধনের ব্যবস্থা করা;

২.৫। স্বাস্থ্যসম্মত পায়খানা ব্যবহারে জনসচেতনতা সৃষ্টি করা;

২.৬। জবাইকৃত পশুর মাংসের মান নিয়ন্ত্রণ করা;

২.৭। পুরষ ও মহিলাদের জন্য পৌর এলাকার বিভিন্ন স্থানে পায়খানা ও প্রস্রাবখানা নির্মাণ ও সংরক্ষণ করা;

২.৮। জন্ম-মৃত্যু নিবন্ধনে জনসচেতনতা বৃদ্ধির চেষ্টা করা;

২.৯। জেলা পর্যায়ের পৌরসভার ক্ষেত্রে সংশ্লিষ্ট সিভিল সার্জন অথবা ডেপুটি সিভিল সার্জন এবং অন্যান্য পৌরসভার ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে বিশেষজ্ঞ সদস্য হিসাবে কো- অপট্ করা যাইতে পারে (যে ক্ষেত্রে যাহা প্রযোজ্য);

২.১০। অন্যান্য সংশ্লিষ্ট বিষয়াদি সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করা।

২.১। বাড়ি-ঘর, অফিস-আদালত, রাস্তা, নর্দমা ও খোলা জায়গা হইতে ময়লা আবর্জনা সংগ্রহ ও অপসারণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;

২.২। বিভিন্ন স্থানে ময়লা আবর্জনা সংগ্রহ ও সংরক্ষণের জন্য পাত্র বা আধারের ব্যবস্থা করা;

২.৩। কোন ইমারত বা অন্য কোন ভৌত অবকাঠামো ঝুঁকিপূর্ণ হলে বা অস্বাস্থ্যকর অবস্থায় থাকলে তা দ্রুত অপসারণ বা হস্তান্তরের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;

২.৪। পাবলিক টয়লেট যথাযথ সংরক্ষণ করা এবং নিয়মিত পরিস্কার পরিচ্ছন্ন রাখার জন্য ব্যবস্থা গ্রহণ করা;

২.৫। শিল্প কল-কারখানার বর্জ্য অপসারণে যথাযথ ব্যবস্থা গ্রহণ এবং প্রয়োজনে পৌর পরিষদকে কার্যকর ব্যবস্থা নেওয়ার জন্য সুপারিশ করা;

মোহাম্মদ রবিন মিয়া
প্রশাসক
চুনারুঘাট পৌরসভা

CamScanner